

ভালো আছো, বাংলাদেশ ?

এম. এ. কায়েস মিয়া, ফয়জুল্লাহা বেগম লিলি এবং বাংলাদেশের আলো হাওয়া-

জেনো, তোমরাই আমার ইতিতীর্থ, পৃথিবী পাঠশালার যে অংশেই থাকি।

সুপ্রভাতের আলো ফোটে।

অদূরে বাংলাদেশের ঢেউ-বঙ্গোপসাগরের অঁথে হাসি,  
চুড়ায় হারানো কণ্ঠ-ভাওয়াইয়া, ভাটিয়ালি...

পৃথিবীর অন্যথণ্ডে, ঠিক এই মুহূর্তে জেগে ওঠে-  
সহস্র মাইল দূরে জায়নামাজ-ফেরত আন্সার মুখ,  
স্নেহের আঁচলে যার বাঁধা এই সংসার  
প্রতিক্ষণ বুনে যান প্রতীক্ষার সোয়েটার  
আমি তাঁর কতোটা যোগ্য উত্তরাধিকার!

আলোকিত সেই চোখ, জীবন পাঠশালার তুখোড় ছাত্র  
মুত্ত্বিযোদ্ধা অবসরপ্রাপ্ত আববা -  
আজীবন আপোষহীন প্রাণ, বিদ্ধ হাওয়ার  
আমি তাঁর কতোটা যোগ্য উত্তরাধিকার!

যদিও মননে প্রগতির শীর্ষ -  
আসছে সময়ের দিকে গাণিতিক দৃষ্টি  
ভূমির প্রতি তবু, বেড়ে চলে জন্মঋণ আমার  
আমি তার কতোটা যোগ্য উত্তরাধিকার!

শাহেদ কায়েস

